রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ৭, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

জননিরাপত্তা বিভাগ

আনসার অধিশাখা-১

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ মাঘ ১৪২৫ বঙ্গাব্দ/০৫ ফেব্রুয়ারি ২০১৯ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ৩১-আইন/২০১৯।**—আনসার বাহিনী আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ৩ নং আইন) এর ধারা ১৩ তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার আনসার বাহিনীর কর্মকর্তাদের পোষাক বিধিমালা, ২০০৪ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ৩ এর—

(ক) দফা (খ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (খ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(খ) বুশ শার্ট/ফুল শার্ট/হাফ শার্ট;";

(খ) দফা (ঙ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ঙ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(ঙ) উলেন জার্সি/জ্যাকেট;";



মূল্য : টাকা ৮.০০

(২) বিধি ৪ এর—

(ক) উপ-বিধি (১) এর—

(অ) দফা (ক) এর—

(১) উপ-দফা (আ) তে উল্লিখিত "উপ-মহাপরিচালক, পরিচালক এবং উপ-পরিচালক" শব্দগুলি, হাইফেনগুলি ও কমার পরিবর্তে "অতিরিক্ত মহাপরিচালক, উপ-মহাপরিচালক এবং আনসার ক্যাডার সার্ভিসে ২০ (বিশ) বৎসর পূর্ণ হইয়াছে এইরূপ পরিচালক" শব্দগুলি, কমা, হাইফেন, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(২) উপ-দফা (ই) তে উল্লিখিত "সহকারী পরিচালক, সিনিয়র উপ-সহঃ পরিচালক এবং উপ-সহকারী পরিচালক" শব্দগুলি, কমা ও হাইফেনগুলির পরিবর্তে "পরিচালক, উপ-পরিচালক সিনিয়র সহকারী পরিচালক এবং সহকারী পরিচালক" শব্দগুলি, কমাগুলি ও হাইফেন প্রতিস্থাপিত হইবে;

(আ) দফা (খ) এর—

(১) উপ-দফা (অ) তে উল্লিখিত "মহাপরিচালক, উপ-মহাপরিচালক, পরিচালক এবং উপ-পরিচালক" শব্দগুলি, কমাগুলি ও হাইফেনগুলির পরিবর্তে "মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালক উপ-মহাপরিচালক এবং আনসার ক্যাডার সার্ভিসে ২০ (বিশ) বৎসর পূর্ণ হইয়াছে এইরূপ পরিচালক" শব্দগুলি, কমাগুলি, হাইফেন, সংখ্যা ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(২) উপ-দফা (আ) তে উল্লিখিত "সহকারী পরিচালক" শব্দগুলির পরিবর্তে "পরিচালক ও উপ-পরিচালক" শব্দগুলি ও হাইফেন প্রতিস্থাপিত হইবে;

(৩) উপ-দফা (ই) তে উল্লিখিত "সিনিয়র উপ-সহকারী পরিচালক এবং উপ-সহকারী পরিচালক" শব্দগুলি ও হাইফেনগুলির পরিবর্তে "সিনিয়র সহকারী পরিচালক এবং সহকারী পরিচালক" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৪) উপ-দফা (ঈ) তে উল্লিখিত "সার্কেল অ্যাডজুট্যান্ট" শব্দগুলির পরিবর্তে "সার্কেল অ্যাডজুট্যান্ট বা সমমান" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(ই) দফা (গ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (গ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(গ) **ফিল্ড ক্যাপ :**—ফিল্ড ক্যাপ জলপাই রং এর হইবে।";

(খ) উপ-বিধি (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (২) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(২) প্রেষণে আগত কর্মকর্তাগণ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ক্যাপ ব্যবহার করিবেন।";

(৩) বিধি ৫ এর—

(ক) উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(১) এই বিধিতে বর্ণিত বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর বিভিন্ন কর্মকর্তার জর্জেট প্যাচ থাকিবে এবং জর্জেট প্যাচের সহিত—

(ক) মহাপরিচালক পদের জন্য রূপালী রংয়ের পুরু অক লীফ থাকিবে;

(খ) অতিরিক্ত মহাপরিচালক পদের জন্য রূপালী রংয়ের সরু অক লীফ থাকিবে;

(গ) উপ-মহাপরিচালক পদের জন্য রূপালী রংয়ের দুইটি ট্রেসিং ব্রেইড থাকিবে; এবং

(ঘ) আনসার ক্যাডার সার্ভিসে ২০ (বিশ) বৎসর চাকুরী পূর্তি হইয়াছে এইরূপ পরিচালক পদের জন্য রূপালী রংয়ের একটি ট্রেসিং ব্রেইড থাকিবে।";

(খ) উপ-বিধি (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (৩) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(৩) প্রেষণে আগত কর্মকর্তাগণ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর জর্জেট প্যাচ ব্যবহার করিবেন।";

(৪) বিধি ৬ এর উপ-বিধি (১), (২) ও (৩) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১), (২) ও (৩) প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(১) মহাপরিচালক , অতিরিক্ত মহাপরিচালক, উপ-মহাপরিচালক এবং আনসার ক্যাডার সার্ভিসে ২০ (বিশ) বৎসর পূর্ণ হইয়াছে এইরূপ পরিচালক পদমর্যাদার কর্মকর্তাগণ কোশেস ব্যবহার করিবেন।

(২) পরিচালক ও উপ-পরিচালক বা সমপদমর্যাদার কর্মকর্তাগণ রেজিমেন্টাল স্টীক ব্যবহার করিবেন, তবে কোনো ভারপ্রাপ্ত বা চলতি দায়িত্বপ্রাপ্ত বা সাময়িক দায়িত্বপ্রাপ্ত পরিচালক ও উপ-পরিচালক বা সমপদমর্যাদার কর্মকর্তাগণ রেজিমেন্টাল স্টীক ব্যবহার করিতে পারিবেন না।

(৩) প্রেষণে আগত কর্মকর্তাগণ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর কোশেস ব্যবহার করিবেন।";

(৫) বিধি ৭ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৭ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"৭। **বিভিন্ন র‍্যাংকের ব্যাজ।**—(১) আনসার বাহিনীর কর্মকর্তাগণের বিভিন্ন র‍্যাংকের ব্যাজ হইবে নিম্নরূপ, যথা :—

(ক) মহাপরিচালক পদের জন্য সাদা ধাতব পদার্থের ক্রস্‌ড সোর্ড ও ব্যাটন এবং একটি চারকোণাকৃতির তারকা ও একটি শাপলা;

(খ) অতিরিক্ত মহাপরিচালক পদের জন্য সাদা ধাতব পদার্থের ক্রস্‌ড সোর্ড ও ব্যাটন এবং একটি শাপলা;

(গ) উপ-মহাপরিচালক পদের জন্য সাদা ধাতব পদার্থের একটি শাপলা ও তিনটি চারকোণাকৃতির তারকা;

(ঘ) আনসার ক্যাডার সার্ভিসে ২০ (বিশ) বৎসর চাকুরী পূর্তি হইয়াছে এইরূপ পরিচালক পদের জন্য সাদা ধাতব পদার্থের একটি শাপলা ও দুইটি চারকোণাকৃতির তারকা;

(ঙ) পরিচালক পদের জন্য সাদা ধাতব পদার্থের একটি শাপলা ও একটি চারকোণাকৃতির তারকা;

(চ) উপ-পরিচালক পদের জন্য সাদা ধাতব পদার্থের একটি শাপলা;

(ছ) আনসার ক্যাডার সার্ভিসে ৪ (চার) বৎসর চাকুরী পূর্তি হইয়াছে এইরূপ সিনিয়র সহকারী পরিচালক পদের জন্য সাদা ধাতব পদার্থের তিনটি চারকোণাকৃতির তারকা;

(জ) সহকারী পরিচালক পদের জন্য সাদা ধাতব পদার্থের দুইটি চারকোণাকৃতির তারকা;

(ঝ) সার্কেল অ্যাডজুট্যান্ট বা উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা বা সহকারী অ্যাডজুট্যান্ট পদের জন্য সাদা ধাতব পদার্থের একটি চারকোণাকৃতির তারকা;

(ঞ) উপজেলা প্রশিক্ষক বা উপজেলা প্রশিক্ষিকা পদের জন্য সাদা ধাতব পদার্থের চারকোণাকৃতির দুইটি ফুল এবং 'আনসার' সোল্ডার টাইটেলের উপরে আধ ইঞ্চি চওড়া সবুজ ফিতা।

(২) চারকোণাকৃতির প্রতিটি তারকা ও ফুলের উপরে শাপলা প্রতীক এনগ্রেভড করা থাকিবে।

(৩) সকল জর্জেট প্যাচ গাঢ় সবুজ রং এর হইবে।

(৪) বিসিএস (আনসার) ক্যাডার পদের চাকুরী ২০ (বিশ) বৎসর পূর্ণ হয় নাই এইরূপ পরিচালক ও তদনিম্ন পদবির কর্মকর্তা-কর্মচারী 'আনসার' খচিত দুটি সোল্ডার টাইটেল পরিধান করিবেন।

(৫) প্রেষণে আগত কর্মকর্তাগণ বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর ব্যাজেজ অব র‌্যাংক পরিধান করিবেন।"।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোস্তাফা কামাল উদ্দীন**
সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd